চ্যাটজিপিটির নতুন এপিআই উন্মুক্ত করল ওপেন এআই

প্রযুক্তি দুনিয়ায় এখন সবচেয়ে আলোচিত বিষয় মার্কিন প্রযুক্তিপ্রতিষ্ঠান ওপেন এআইয়ের তৈরি কৃত্রিম বুদ্ধিমত্তাচালিত (এআই) চ্যাটবট ‘চ্যাটজিপিটি’। এরই মধ্যে চ্যাটজিপিটির কৃত্রিম বুদ্ধিমত্তাচালিত প্রযুক্তি ব্যবহার শুরু করেছে মাইক্রোসফট, স্ন্যাপচ্যাটসহ বিভিন্ন প্রতিষ্ঠান। এবার চ্যাটজিপিটির প্রযুক্তি সহজলভ্য করতে নতুন এপিআই (অ্যাপ্লিকেশন প্রোগ্রামিং ইন্টারফেস) উন্মুক্ত করেছে ওপেন এআই। ফলে যেকোনো প্রতিষ্ঠান বা নির্মাতা নিজেদের অ্যাপে সহজেই চ্যাটজিপিটির প্রযুক্তিসুবিধা যুক্ত করতে পারবে।

ওপেন এআইয়ের তথ্যমতে, নতুন অ্যাপ্লিকেশন প্রোগ্রামিং ইন্টারফেসটি কাজে লাগিয়ে বর্তমানের তুলনায় প্রায় ১০ গুণ কম খরচে চ্যাটজিপিটির সব সুবিধা ব্যবহার করা যাবে। ফলে যেকোনো প্রতিষ্ঠান বা নির্মাতা অর্থের বিনিময়ে চ্যাটজিপিটির কৃত্রিম বুদ্ধিমত্তাচালিত (এআই) প্রযুক্তির মাধ্যমে গ্রাহকসেবাসহ বিভিন্ন সুবিধা যুক্ত করতে পারবে।

উল্লেখ্য, গত বছরের নভেম্বরে বাজারে আসা চ্যাটজিপিটি যেকোনো বার্তার উত্তর দ্রুত ও নির্ভুলভাবে দিতে পারে। চ্যাটজিপিটির মাধ্যমে দ্রুত প্রশ্নের উত্তর পাওয়ার পাশাপাশি বিভিন্ন কাজ স্বচ্ছন্দে করিয়ে নেওয়া সম্ভব। আর তাই চ্যাটজিপিটির অ্যাপ্লিকেশন প্রোগ্রামিং ইন্টারফেস ব্যবহার করে যেকোনো প্রতিষ্ঠান বা নির্মাতা চাইলেই নিজেদের অ্যাপে বিভিন্ন প্রযুক্তিসুবিধা চালু করতে পারবেন।

সূত্র: জেডডিনেট

চ্যাটজিপিটির মতো প্রযুক্তি তৈরির ঘোষণা দিলেন জাকারবার্গ

ওপেনএআইয়ে তৈরি কৃত্রিম বুদ্ধিমত্তাচালিত (এআই) চ্যাটবট ‘চ্যাটজিপিটি’ নিয়ে প্রযুক্তিবিশ্বে চলছে তুমুল আলোচনা। এরই মধ্যে নিজেদের বিং সার্চ ইঞ্জিন ও এজ ব্রাউজারে চ্যাটজিপিটির প্রযুক্তি যুক্ত করেছে মাইক্রোসফট। আর তাই দ্রুত এ প্রযুক্তি উদ্ভাবন ও ব্যবহারের লক্ষ্যে কাজ করছে বিভিন্ন প্রযুক্তিপ্রতিষ্ঠান। এবার চ্যাটজিপিটির মতো কৃত্রিম বুদ্ধিমত্তা প্রযুক্তি তৈরির উদ্যোগ নিয়েছে ফেসবুকের মূল প্রতিষ্ঠান মেটা।

ইনস্টাগ্রামে দেওয়া এক পোস্টে মেটার প্রধান নির্বাহী মার্ক জাকারবার্গ জানিয়েছেন, মানুষকে বিভিন্ন কাজে সহায়তার জন্য কৃত্রিম বুদ্ধিমত্তা প্রযুক্তি তৈরির লক্ষ্যে কাজ করছে মেটা। কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) প্রযুক্তির নতুন টুল তৈরির জন্য প্রতিষ্ঠানের বিভিন্ন পর্যায়ে কাজ করা ব্যক্তিদের নিয়ে দলও গঠন করা হয়েছে। প্রাথমিকভাবে হোয়াটসঅ্যাপ, মেসেঞ্জার ও ইনস্টাগ্রামে এই টুল ব্যবহার করা হবে।

মেটার তথ্যমতে, চ্যাটজিপিটির মতো কৃত্রিম বুদ্ধিমত্তা প্রযুক্তি তৈরির জন্য শিগগিরই লার্জ ল্যাঙ্গুয়েজ মডেল (এলএলএম বা লামা) নামের একটি সফটওয়্যার উন্মুক্ত করা হবে। সফটওয়্যারটি মূলত এআই সিস্টেমের মূল সফটওয়্যার হিসেবে কাজ করবে। সফটওয়্যারটি লাইসেন্সের মাধ্যমে গবেষকসহ অন্যরা ব্যবহার করতে পারবেন।

গত বছরের নভেম্বরে মাইক্রোসফটের অর্থায়নে তৈরি চ্যাটজিপিটি বাজারে আনে মার্কিন প্রতিষ্ঠান ওপেনএআই। এরপর থেকেই এ প্রযুক্তিতে কারা আধিপত্য করবে, তা নিয়ে শীর্ষ প্রযুক্তি প্রতিষ্ঠানগুলোর মধ্যে প্রতিযোগিতা শুরু হয়েছে। এরই মধ্যে গুগলের মূল প্রতিষ্ঠান অ্যালফাবেট থেকে শুরু করে চীনের বাইডুও নিজেদের কৃত্রিম বুদ্ধিমত্তা প্রযুক্তিভিত্তিক চ্যাটবট আনার ঘোষণা দিয়েছে।

সূত্র: এনডিটিভি

ক্রোম ব্রাউজারে ৩০০ গুণ জুম সুবিধা আসছে

ফোনের পর্দায় ওয়েবসাইটের লেখা ছোট দেখা যায়। ফলে পড়তে সমস্যা হয় অনেকের। বিষয়টি অজানা নয় গুগলের কাছেও। তাই ক্রোম ব্রাউজারে ওয়েবসাইটের লেখা ২০০ গুণ পর্যন্ত বড় করে দেখার সুযোগ দিয়ে থাকে গুগল। কিন্তু এ সুবিধা কাজে লাগিয়ে ফোনের পর্দায় ছবি বা ভিডিও বড় করে দেখা যায় না। ফলে অনেকেই বিরক্ত হন। সমস্যা সমাধানে এবার ক্রোম ব্রাউজারে ওয়েবসাইটের লেখা, ছবি ও ভিডিও ৩০০ গুণ পর্যন্ত বড় করে দেখার সুযোগ চালু করতে যাচ্ছে গুগল।

ওয়েবসাইটের লেখা, ছবি ও ভিডিও ৩০০ গুণ পর্যন্ত বড় করে দেখার সুযোগ দিতে নিজেদের পেজ জুম সুবিধার পরিধি বাড়ানোর উদ্যোগ নিয়েছে গুগল। ফলে ব্যবহারকারীরা সহজেই ক্রোম ব্রাউজারের সেটিংস অপশনে প্রবেশ করে নিজেদের প্রয়োজনমতো ওয়েবপেজ জুমের বিভিন্ন অপশন নির্বাচন করতে পারবেন। সেটিংস পরিবর্তন করলেই পরবর্তী সময়ে চালু করা সব ওয়েবসাইটের লেখা, ছবি বা ভিডিও বড় দেখা যাবে।

পেজ জুম সুবিধায় লেখা, ছবি ও ভিডিও ৩০০ গুণ পর্যন্ত বড় দেখা গেলেও ওয়েবসাইটের মূল নকশায় কোনো পরিবর্তন হবে না বলে জানিয়েছে গুগল। ফলে স্বচ্ছন্দে ওয়েবসাইটের সব সুবিধা ব্যবহারের সুযোগ মিলবে। বর্তমানে ক্রোম ব্রাউজারের বেটা সংস্করণ ব্যবহারকারী এ সুযোগ পরখ করার সুযোগ পাচ্ছেন। ব্যবহারকারীদের মতামত ও কার্যকারিতা পর্যালোচনার পর শিগগিরই এ সুবিধা সব অ্যান্ড্রয়েড ফোন ব্যবহারকারীদের জন্য উন্মুক্ত করা হবে।

সূত্র: দ্য ভার্জ

গুগল ফটোজে যুক্ত হচ্ছে ম্যাজিক ইরেজার টুল

গুগল ফটোজ ব্যবহারকারীদের জন্য সুখবর। বর্তমানের তুলনায় আরও সহজে ছবি সম্পাদনার সুযোগ দিতে ‘ম্যাজিক ইরেজার’ টুল যুক্ত করতে যাচ্ছে গুগল। ছবি সম্পাদনার এই টুল কাজে লাগিয়ে ছবিতে থাকা যেকোনো অবাঞ্ছিত ব্যক্তি বা বস্তু সহজেই মুছে ফেলা যাবে। ফলে ভিড়ের মধ্যে ছবি তুললেও নিজের ছবি ভালোভাবে দেখা যাবে।

গুগলের পিক্সেল ফোনে থাকা ছবি সম্পাদনার টুলটি এরই মধ্যে ব্যবহারকারীদের কাছে খুবই জনপ্রিয়তা পেয়েছে। আর তাই আরও বেশিসংখ্যক ব্যবহারকারীকে টুলটি ব্যবহারের সুযোগ দিতেই গুগল ফটোজে ম্যাজিক ইরেজার টুলটি যুক্ত করার সিদ্ধান্ত নিয়েছে গুগল। তবে চাইলেই ব্যবহার করা যাবে না টুলটি। গুগলের ক্লাউডভিত্তিক স্টোরেজ সুবিধা ‘গুগল ওয়ান’–এ নিবন্ধন করা ব্যক্তিরাই শুধু টুলটি ব্যবহার করতে পারবেন।

ম্যাজিক ইরেজার টুলটি গুগল ফটোজের টুল অপশনে যুক্ত করা হবে। ফলে ছবি সম্পাদনার সময় সহজেই টুলটি ব্যবহার করা যাবে। বর্তমানে গুগল ফটোজে কৃত্রিম বুদ্ধিমত্তা প্রযুক্তি (এআই) কাজে লাগিয়ে ছবিতে থাকা বিভিন্ন দৃশ্য মুছে ফেলা যায়। টুলটি যুক্ত হলে ছবি থেকে নির্দিষ্ট ব্যক্তি বা বস্তুর ছবি ম্যানুয়াল পদ্ধতিতে মুছে ফেলার সুযোগ মিলবে।

সূত্র: টাইমস অব ইন্ডিয়া

মেসেঞ্জারে আসছে রোলকল সুবিধা

তাৎক্ষণিক বার্তা আদান–প্রদানের অ্যাপ মেসেঞ্জারের জন্য বিরিয়ালের মতোই ‘রোলকল’ নামে একটি সুবিধা নিয়ে অভ্যন্তরীণ পরীক্ষামূলক কার্যক্রম চালাচ্ছে ফেসবুকের মূল প্রতিষ্ঠানটি মেটা। প্রতিষ্ঠানটি এ তথ্য নিশ্চিত করেছে। এর আগে এর আগে সামাজিক

যোগাযোগমাধ্যম পরামর্শক ম্যাট ন্যাভারা প্রথম এ সুবিধা সামনে আনেন।

এর মাধ্যমে ব্যবহারকারীকে কোনো মুহূর্তের তাৎক্ষণিক কর্মকাণ্ড শেয়ারের জন্য আমন্ত্রণ জানানোর পর তাঁরা ছবি বা ভিডিও যুক্ত করতে পারবেন। ছবি বা ভিডিওতে প্রতিক্রিয়াও জানানো যাবে এবং রোলকলে যুক্ত থাকা অন্য ব্যবহারকারীরা এগুলো দেখতে পারবেন। এটি অনেকটা বিরিয়ালের ফিচারের মতোই। বিরিয়ালে ব্যবহারকারীকে যেকোনো মুহূর্ত শেয়ারের জন্য আমন্ত্রণ জানানো যায়। ব্যবহারকারীরা তাতে সামনের ও পেছনের ক্যামেরা দিয়ে ছবি তুলে মুহূর্ত বিনিময়ের সুযোগও পেয়ে থাকেন।

মেসেঞ্জারের নতুন এ ফিচারে ব্যবহারকারী গ্রুপ চ্যাটে রোলকল থ্রেড শুরু করতে পারবেন। তবে বিরিয়ালে এভাবে ছবি শেয়ারের আমন্ত্রণ জানানো যায় না। অংশগ্রহণ বাড়ানোর জন্য মেসেঞ্জারের এ ফিচারে ক্ষণগণনা (কাউন্টডাউন) যুক্ত হতে পারে। বলা হচ্ছে, পরীক্ষামূলক সংস্করণ ও পরবর্তী সময়ে প্রকাশিত সংস্করণের মধ্যে বেশ কিছু পার্থক্যও থাকবে।

গ্রুপ চ্যাটে কোনো ব্যবহারকারী রোলকল চালু করলে গ্রুপের অন্যদের কাছে নোটিফিকেশন চলে যাবে। এদিকে ইনস্টাগ্রামে নতুন ব্রডকাস্ট চ্যানেল সুবিধা চালু করেছে মেটা। যার মাধ্যমে নির্মাতারা একসঙ্গে অসংখ্য অনুসরণকারীর সঙ্গে সরাসরি যুক্ত হতে পারবেন।

সূত্র: গ্যাজেটস নাউ

২০৩১ সালে তথ্যপ্রযুক্তি খাতে ২০০০ কোটি ডলার রপ্তানি আয়

[redacted]

[redacted] [redacted] [redacted] [

স্মার্ট বাংলাদেশে করতে হবে।’

বেসিস সফটএক্সপো ২০২৩ দেশের এযাবৎকালের সর্ববৃহৎ তথ্যপ্রযুক্তি প্রদর্শনী। সম্পূর্ণ বেসরকারি খাতের উদ্যোগে এমন বৃহৎ পরিসরে কোনো তথ্যপ্রযুক্তি প্রদর্শনী এর আগে অনুষ্ঠিত হয়নি বলে জানালেন রাসেল টি আহমেদ। তিনি বলেন, ‘আমাদের এই আয়োজনের মূল লক্ষ্য হচ্ছে স্থানীয় তথ্যপ্রযুক্তি প্রতিষ্ঠানের সক্ষমতার পাশাপাশি সম্ভাবনাকে তুলে ধরা। আমাদের তথ্যপ্রযুক্তি খাতের অগ্রণী ভূমিকাতেই ডিজিটাল বাংলাদেশ রূপকল্প বাস্তবায়িত হয়েছে। ২০৪১ সালের মধ্যে দেশকে ডিজিটাল বাংলাদেশ থেকে “স্মার্ট বাংলাদেশ”-এ রূপান্তর করার ক্ষেত্রে একমাত্র শক্তিশালী অংশীদার হিসেবে বেসিসই পারবে স্মার্ট বাংলাদেশ বাস্তবায়ন করতে।’

একনজরে বেসিস সফটএক্সপো ২০২৩
রাজধানীর পূর্বাচলে অবস্থিত বঙ্গবন্ধু বাংলাদেশ-চীন মৈত্রী প্রদর্শনী কেন্দ্রে চলে বেসিস সফটএক্সপো। মেলা শুরু হয়েছে ২৩ ফেব্রুয়ারি। মেলা চলবে আগামীকাল ২৬ ফেব্রুয়ারি পর্যন্ত। মেলা প্রতিদিন সকাল ১০টা থেকে রাত ৮টা পর্যন্ত খোলা।

* ২০৪টি দেশি-বিদেশি তথ্যপ্রযুক্তি প্রতিষ্ঠানের স্টল বা প্যাভিলিয়ন।
* ২০০ জনের বেশি দেশি-বিদেশি তথ্যপ্রযুক্তি–বিশেষজ্ঞের অংশগ্রহণ।
* আইসিটি-বিষয়ক ১৮টি সেমিনার।
* ২ হাজারের বেশি শিক্ষার্থীর অংশগ্রহণে আইসিটি ক্যারিয়ার ক্যাম্প।
* ৫০টির বেশি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের উদ্ভাবনী প্রকল্প প্রদর্শনী।
* ৫টি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের রোবট প্রদর্শনী।
* আউটসোর্সিং সম্মেলন।
* অ্যাম্বাসেডর নাইট, মিনিস্ট্রিয়াল কনফারেন্স, উইমেন ইন আইটি প্রোগ্রাম
* স্টার্টআপ সম্মেলন।
* ডেভেলপারস সম্মেলন ও জাপান ডে।
* গেমিং জোন, বিজনেস লাউঞ্জ, ফুড কোর্ট ও মিডিয়া কর্নার।
* দেশি-বিদেশি ব্যবসায়ীদের বিটুবি ম্যাচমেকিং।
* বিজনেস লিডারস মিট।
* প্রতিদিন সন্ধ্যায় কনসার্ট।

সূত্র: প্রথমআলো

আইওএসেও বার্তা সম্পাদনার কার্যকারিতা পরখ করছে হোয়াটসঅ্যাপ

মনের ভুলে কোনো বার্তা পাঠালে সেটি ফেরত আনা যায় হোয়াটসঅ্যাপে। কিন্তু এতে প্রাপক জানতে পারেন, আপনি বার্তাটি ফেরত এনেছেন। ফলে অনেকেই বিব্রতকর পরিস্থিতির মুখোমুখি হন। সমস্যা সমাধানে দীর্ঘদিন থেকেই পাঠানো বার্তা সম্পাদনার সুযোগ চালুর জন্য কাজ করছে বার্তা আদান–প্রদানের অ্যাপটি। এরই ধারাবাহিকতায় অ্যান্ড্রয়েড অ্যাপের পর এবার আইওএস অ্যাপেও বার্তা সম্পাদনা সুবিধার কার্যকারিতা পরখ শুরু করেছে হোয়াটসঅ্যাপ।

বার্তা সম্পাদনা সুবিধা চালু হলে হোয়াটসঅ্যাপে ‘এডিট’ বাটন যুক্ত করা হবে। বাটনটিতে ক্লিক করে পাঠানো বার্তার তথ্য পরিবর্তনের পাশাপাশি বানান ঠিক করা যাবে। ফলে হোয়াটসঅ্যাপের ডিলিট ফর এভরিওয়ান সুবিধার মাধ্যমে পুরো বার্তা মুছে ফেলে নতুন করে বার্তা পাঠাতে হবে না।

অ্যান্ড্রয়েডের পর আইওএস অপারেটিং সিস্টেমে বার্তা সম্পাদনার কার্যকারিতা পরখ শুরু করায় শিগগিরই এ সুবিধা উন্মুক্ত করা হতে পারে বলে ধারণা করা হচ্ছে। তবে কবে নাগাদ এ সুবিধা চালু হবে, সে বিষয়ে সুনির্দিষ্ট কোনো তথ্য জানা যায়নি।

সূত্র: টাইমস অব ইন্ডিয়া

চ্যাটজিপিটির মতো ভার্চ্যুয়াল সহকারী থাকবে মানুষের

ওয়ার্ল্ড ওয়াইড ওয়েবের (ডব্লিউডব্লিউডব্লিউ) জনক স্যার টিম বার্নার্স লি বলেছেন, অদূর ভবিষ্যতে চ্যাটজিপিটির কৃত্রিম বুদ্ধিমত্তাচালিত (এআই) চ্যাটবটের মতো নিজস্ব এআই সহকারী থাকবে মানুষের। ফলে দৈনন্দিন সব কাজে ভার্চ্যুয়াল সহকারীর সহায়তা নেওয়া যাবে। যুক্তরাষ্ট্রের টেলিভিশন চ্যানেল সিএনবিসির এক অনুষ্ঠানে তিনি এ মন্তব্য করেন।

বর্তমানে স্টার্টআপ প্রতিষ্ঠান ইনরাপ্টের সহপ্রতিষ্ঠাতা টিম বার্নার্স লি জানান, ব্যবহারকারীদের সব তথ্য অনলাইনে সংরক্ষণ করতে কাজ করছে ইনরাপ্ট। প্রতিষ্ঠানটির লক্ষ্য, ইন্টারনেট ব্যবহারকারীদের খুঁটিনাটি তথ্যের সমন্বয়ে অনলাইনে তথ্যভান্ডার তৈরি করা। তথ্যভান্ডারের তথ্যগুলো কাজে লাগিয়ে ব্যবহারকারীকে প্রযুক্তিসেবা দিতে পারবে ওয়েবসাইটসহ বিভিন্ন প্রতিষ্ঠান। অনলাইন তথ্যভান্ডার তৈরির কাজ শেষ হলে চ্যাটজিপিটির মতো কৃত্রিম বুদ্ধিমত্তাচালিত (এআই) চ্যাটবটগুলো ব্যবহারকারীদের বিভিন্ন তথ্য কাজে লাগিয়ে ব্যক্তিগত সহকারীর মতো বিভিন্ন কাজে সহায়তা করতে পারবে।

টিম বার্নার্স লির তথ্যমতে, তথ্যভান্ডার তৈরির পর এতে ‘চার্লি’ নামের কৃত্রিম বুদ্ধিমত্তাচালিত চ্যাটবট যুক্ত করা হবে। ভার্চ্যুয়াল সহকারীর মতো ব্যবহারকারীদের দৈনন্দিন বিভিন্ন কাজে সহায়তা করবে এই চ্যাটবট। অ্যামাজনের ভার্চ্যুয়াল সহকারী অ্যালেক্সা এবং অ্যাপলের সিরির তুলনায় ভালো ব্যক্তিগত সহকারী হবে এই চ্যাটবট।

সূত্র: টাইমস অব ইন্ডিয়া

ফেসবুক ও মেসেঞ্জারেও চালু হচ্ছে চ্যানেলস

ইনস্টাগ্রামের আদলে ফেসবুক ও মেসেঞ্জারেও চ্যানেলস নামের নতুন চ্যাট সুবিধা চালুর পরিকল্পনা করছে মেটা। নতুন এ সুবিধা চালু হলে কনটেন্ট নির্মাতারা সরাসরি অনুসরণকারীদের কাছে বার্তা, ছবি পাঠানোর পাশাপাশি বিভিন্ন বিষয়ে জরিপ করতে পারবেন। শিগগিরই ফেসবুক ও মেসেঞ্জারে চ্যানেলস সুবিধার কার্যকারিতা পরীক্ষা শুরু হতে পারে।

সম্প্রতি ইনস্টাগ্রামে পরীক্ষামূলকভাবে চ্যানেলস সুবিধা চালু করেছে মেটা। প্রাথমিকভাবে নির্দিষ্ট সংখ্যক ইনস্টাগ্রাম ব্যবহারকারী এ সুবিধা পরখ করার সুযোগ পেয়েছেন। ইনস্টাগ্রামে চ্যানেলস সুবিধায় কনটেন্ট নির্মাতাদের পাঠানো বার্তা অনুসরণকারী ছাড়া অন্য কেউ দেখতে পারেন না। ফলে ইনস্টাগ্রামের পাবলিক অ্যাকাউন্ট ব্যবহারকারীরাও শুধু অনুসরণকারীদের কাছে বার্তা ও ছবি পাঠানো যায়।

ভবিষ্যতে চ্যানেলস সুবিধা কাজে লাগিয়ে কনটেন্ট নির্মাতারা অনুসরণকারীদের সঙ্গে সরাসরি প্রশ্নোত্তর অনুষ্ঠান আয়োজন করতে পারবেন। শুধু তা-ই নয়, একাধিক কনটেন্ট নির্মাতার সঙ্গে ভার্চ্যুয়াল আলোচনার সুযোগও মিলবে।

সূত্র: টাইমস অব ইন্ডিয়া

ভার্চ্যুয়াল পটভূমি ব্যবহার করা যাবে গুগল মিটে

বিভিন্ন প্রয়োজনে আমরা অনেকেই নিয়মিত ভিডিও কল বা ভিডিও চ্যাট করে থাকি। তবে ভিডিও কলের সময় ঘরের বা অফিসের ছবি গোপন রাখতে বিভিন্ন ধরনের স্থির দৃশ্যযুক্ত পটভূমি ব্যবহার করেন কেউ কেউ।

ব্যবহারকারীদের এ সমস্যা সমাধানে ভিডিও কলের সময় ভার্চ্যুয়াল পটভূমি ব্যবহারের সুযোগ চালু করেছে ভিডিও কনফারেন্সিং–সেবা গুগল মিট। ৩৬০ ডিগ্রি ফরম্যাটে তৈরি ভার্চ্যুয়াল এ পটভূমিতে বিভিন্ন দর্শনীয় স্থানের ভিডিও ব্যবহারের সুযোগ মিলবে। এতে নিজেদের বর্তমানের তুলনায় আরও ভালোভাবে উপস্থাপন করা যাবে।

৩৬০ ডিগ্রি ফরম্যাটে তৈরি ভার্চ্যুয়াল এ পটভূমি অনেকটা জিআইএফর মতো দেখা যাবে। অর্থাৎ ভিডিও কলের সময় পটভূমিতে আকারে ছোট ভিডিও দেখা যাবে। এ সুবিধার সবচেয়ে উল্লেখযোগ্য দিক হচ্ছে ব্যবহারকারীরা চাইলেই একই ভিডিও কলে একাধিক ভার্চ্যুয়াল পটভূমি ব্যবহার করতে পারবেন। অর্থাৎ ভ্রমণ নিয়ে আলোচনার সময় ভ্রমণের ভিডিও বা পড়ালেখার আলোচনার সময় পটভূমিতে কলেজ বা বিশ্ববিদ্যালয়ের ভিডিও ব্যবহার করা যাবে।

আইওএস ও অ্যান্ড্রয়েড অপারেটিং সিস্টেমে চলা সব যন্ত্রে ভার্চ্যুয়াল পটভূমি ব্যবহার করা যাবে। পর্যায়ক্রমে সব ব্যবহারকারী এ সুযোগ পাবেন।

উল্লেখ্য, অনলাইন বৈঠকের সময় অ্যাভাটার ব্যবহারের সুযোগও রয়েছে গুগল মিটে। এ সুবিধা কাজে লাগিয়ে অনলাইন বৈঠকের সময় নিজেদের চেহারার বদলে অ্যাভাটার (চেহারার আদলে ছবি বা ইমোজি) ব্যবহার করা যায়।
সূত্র: দ্য ভার্জ